

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ এর সেপ্টেম্বর/২১ মাসের কার্যপত্র:

ভিজিডি কার্যক্রম:

ভিজিডি কার্যক্রমের আওতায় নতুন ২০২১-২০২২ চক্রের ১৩টি ইউনিয়নের ১৪০৭ জন ভিজিডি কার্ডধারীর জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের স্মারক নং: ৩২.০০.০০০০.০০৮.০২.০০৬.১৭-১৩৬২ তারিখঃ ১৮/০৭/২০২১ এর মাধ্যমে জুলাই/২১ হতে জুন/২২ মাস পর্যন্ত বার মাসের খাদ্যশস্যের বরাদ্দ পাওয়া যায়। মেসার্স মুন্সীগঞ্জ ফাইবার এন্ড এগ্রো ইন্ডা:লি: নামক মিলারের চুক্তির মেয়াদ বৃদ্ধি পত্র সাপেক্ষে ইউনিয়নের চেয়াম্যান এর অনুকূলে পুষ্টি চাল সরবরাহের নিমিত্তে মেসার্স ফাইবার এন্ড এগ্রো ইন্ডা:লি: নামক মিলারের অনুকূলে সেপ্টেম্বর/২১ এর খাদ্যের ডি,ও ইস্যু করার জন্যে খাদ্য নিয়ন্ত্রক বরাবর অর্পণাদেশ(ডি, ও) প্রস্তুত করে দেওয়া হয়েছে।

আইজিএ প্রকল্প:

স্মারক নং: ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭(অংশ-১).২০৩ তারিখ: ২৩/০৮/২০২১ এর মাধ্যমে আইজিএ প্রকল্পের ১২তম ব্যাচের দুইটি ট্রেডে প্রশিক্ষণার্থী নির্বাচনের নির্দেশনা পাওয়া যায়। উক্ত নির্দেশনা মোতাবেক আগ্রহী প্রশিক্ষণার্থীরা অনলাইনের মাধ্যমে আবেদন করে এবং ১২তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে প্রতি ট্রেডে ২৫ জন করে দুই ট্রেডে ৫০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়।


মাতৃকাল ভাতা:

মহিলা বিষয়ক অধিদপ্তরের স্মারক নং ৩২.০১.০০০০.০১২.০২৭.২৯(অংশ-১).২০-৯৫ তারিখ: ২৩/০৫/২০২১খ্রি: এর মাধ্যমে অত্র উপজেলায় প্রতিটি ইউনিয়নে ০৭(সাত) জন করে জুলাই/২০ হতে নতুন ভাতাভোগী নির্বাচনের নির্দেশ পাওয়া গিয়েছিল এবং সেই মোতাবেক নতুন ভাতাভোগী নির্বাচনের জন্য প্রতি ইউনিয়নে পত্রও দেওয়া হয়েছিল। কিছু কিছু ইউনিয়ন নির্ধারিত সময়ে তথ্য সরবরাহ করতে না পারায় এম আই এস এ নির্দিষ্ট সময়ে সম্পূর্ণ ডাটা এন্ট্রি দেওয়া সম্ভব হয় নাই। পরবর্তীতে স্মারক নং ৩২.০১.০০০০.০১২.০২৭.২৯(অংশ-২).২০-২৮৮ তারিখ: ২৪/০৮/২০২১খ্রি: এর মাধ্যমে আগামী ৩০/০৯/২০২১ তারিখের মধ্যে এন্ট্রি করার জন্য নির্দেশ পাওয়া যায়। উক্ত নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান।

কিশোর-কিশোরী ক্লাব:

মহামারী করোনাভাইরাস জনিত রোগ কোভিড-১৯ বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ সার্বিক কার্যাবলি/চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করেছিলেন। সেপেক্ষিতে প্রশিক্ষণ কার্যক্রম সমূহ সাময়িকভাবে বন্ধ রাখা হয়। পরবর্তীতে মহিলা বিষয়ক অধিদপ্তরের কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের স্মারকনং: ৩২.০১.০০০০.০০৩.০১৪.০৩১.১৮-৭৪৬ তারিখ: ১১/০৮/২০২১ এর পেক্ষিতে স্বাস্থ্য বিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে সকল ক্লাবের কার্যক্রম চালু করা হয়।

নারী নির্যাতন সংক্রান্ত: স্থানীয় অভিযোগ এর পেক্ষিতে আপোষ- মিমামসা করা হয়। এছাড়া কোর্ট থেকে আগত তদন্তের নির্দেশনা অনুযায়ী তদন্ত কার্যক্রম সম্পন্ন করা হয়।



(শামীমা আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

